

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-৪৭

তারিখঃ ২৬ কার্তিক ১৪২৩ ব./ ১০ নভেম্বর ২০১৬ খ্রি.।

বিষয়: ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়াসী ১ম পর্যায়ের অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচি বাস্তবায়নের নিমিত্তে ১ম পর্যায়ের ৬৪টি জেলার ৪৮৯টি উপজেলা এবং তেজগাঁও সার্কেল-এ টি, আর নির্দেশিকা অনুযায়ী সাধারণ বরাদ্দ প্রদানের জন্য ৬০,০০০ (ষাট হাজার) মে. টন চালের মূল্য বাবদ সর্বমোট ২২২,৫৮,২৪,৮০০.০০ (দুইশত বাইশ কোটি আটাত্ত লক্ষ চব্বিশ হাজার আটশত) টাকা (প্রতি মে. টন ৩৭,০৯৭.০৮ টাকা হারে) নিম্নবর্ণিত শর্তে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় কোড নং ৩-৪৯০৩-০০০১-৫৯৯২ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- (১) ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, কাজ সমাপ্তকরণ ও অর্থ ছাড়করণের সর্বশেষ সময়সীমা ৩১/০১/২০১৭ খ্রিঃ তারিখ। প্রকল্পের কাজ শুরুর পূর্বে টি.আর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির মিকট প্রেরণ/অনুমোদন করতে হবে;
- (২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;
- (৩) এ বরাদ্দের অর্থ দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূল্যক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়নে ব্যয় করা যাবে;
- (৪) এই আদেশে বরাদ্দকৃত অর্থের ৫০% অর্থ সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে (প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭১.০৪৬.১৩.০০.০০১.২০১৪-১৬৯(৪), তারিখ-২১/০৭/২০১৪ খ্রি.)।
- (৫) উপজেলাওয়াসী বরাদ্দের ক্ষেত্রে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর নীতিমালা অনুযায়ী দারিদ্র এবং লোকসংখ্যা অনুপাতে উপজেলা/তেজগাঁও সার্কেল এ অর্থের বিভাজন প্রণয়ন করে বরাদ্দ প্রদান করবেন এবং বিভাজনের এক সেট মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এক্ষেত্রে ১ম পর্যায়ের বিভাজন পৃথকভাবে মন্ত্রণালয় হতে অনুমোদন গ্রহণ করতে হবে না। মাননীয় মন্ত্রী ইতোমধ্যে বিষয়টি অনুমোদন করেছেন। ২য় পর্যায়ে বরাদ্দের ক্ষেত্রে এ বিষয়ে পৃথক নির্দেশনা দেয়া হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ ইসমাইল হোসেন)

উপসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন


৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০২.১৬-৪৭

তারিখঃ ২৬ কার্তিক ১৪২৩ ব./ ১০ নভেম্বর ২০১৬ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৭। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ১১। সিস্টেম এনালিস্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ ইসমাইল হোসেন)
উপসচিব (ত্রাক-২)।